# সফটওয়্যারের কারুকাজ

উইন্ডোজ এক্সপি ব্যবহারকারীদের জন্য রয়েছে এক সহায়ক টুল, যা পাসওয়ার্ড ভুলে যাওয়া ব্যবহারকারীদের কাজে আসবে। এটি তৈরি করে রিসেট ডিস্ক। এ ডিস্ক প্রয়োজনীয় মুহূর্তে যেমন ইউজার অ্যাকাউন্ট রিয়েক্টিভেট করতে পারবে, তেমনি পার্সোনাল কমপিউটার সেটিং তৈরি করতে পারবে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করে।

## রিসেট ডিস্ক তৈরি করা

উইজার্ড চালু করার জন্য Start→Settings →Control Panel-এ নেভিগেট করে User Accounts অ্যাপলেট ওপেন করুন। এবার অ্যাডমিন ক্ষমতাসহ কাঙ্ক্ষিত অ্যাকাউন্টে ক্লিক করুন এবং এরপর বামদিকের Related Tasks বক্সের 'Prevent a forgotten password'-এ ক্লিক করুন। এবার Next-এ ক্লিক করে স্টোরেজ হিসেবে ড্রাইভ নির্দিষ্ট করার জন্য 'Forgotten Pasword Wizard' সিলেক্ট করুন।

আজকের দিনে বেশিরভাগ পিসিরই ফ্লপি ড্রাইভ নেই। তাই এক্ষেত্রে ফ্লপি ডিস্কের পরিবর্তে ইউএসবি স্টিক বা মেমরি কার্ড ব্যবহার করা যেতে পারে। পরবর্তী ধাপ হিসেবে একই নামের ফিল্ডে 'Current user account password' এন্টার করুন এবং আগে সিলেক্ট করা ড্রাইভে ডিস্ক ঢুকান। এর ফলে উইন্ডোজ 'userkey' ফাইল তৈরি ও সেভ করবে। এতে পুরনো রিস্টোর পয়েন্ট আর কোনো কাজ করবে না।

বর্তমান 'Userkey' সম্বলিত ডিস্ককে নিরাপদে রাখুন। নয়তো সবাই এতে অ্যাক্সেস করতে পারবে পাসওয়ার্ড ছাড়াই।

*ডিস্ক ব্যবহার করা :* লগইন স্ক্রিনে ইউজার নেমে ক্লিক করে এন্টার চাপুন। ভুল পাসওয়ার্ড দিয়ে এন্টার চাপলে 'click here to use the password reset disk' মেসেজ আসবে। 'Forgotten Pasword Wizard'-এ ক্লিক করে স্টার্ট করুন। এবার Next-এ ক্লিক করে রিসেট ডিস্ক ঢুকিয়ে আবার Next-এ ক্লিক করুন। আপনাকে নতুন পাসওয়ার্ড নির্দিষ্ট করতে হবে পরবর্তী স্ক্রিনে এবং নিশ্চিত করার জন্য এন্ট্রিকে পুনরাবৃত্তি করুন। এবার Next → Finish-এ ক্লিক করে ডায়ালগ বক্স বন্ধ করুন এবং নতুন পাসওয়ার্ড দিয়ে আপনার অ্যাকাউন্টে লগইন করুন।

## এক ধরনের ফাইল ছাড়া সব ফাইল কপি করা

গতানুগতিক কপি কমান্ডকে নির্দিষ্ট কোনো ফাইল টাইপের মধ্যে সীমিত করা যেতে পারে ওয়াইল্ডকার্ড- যেমন *.tif- ব্যবহার করে। একইভাবে নির্দিষ্ট ফাইল টাইপ ছাড়া ফাইল কপিও করা যায়। এজন্য জানা দরকার সব ধরনের ফাইল স্বতন্ত্রভাবে বা সব একসাথে কপি করা এবং এরপর অপ্রয়োজনীয় ফাইল মুছে ফেলা। এক্ষেত্রে প্রথম প্রক্রিয়ায় সব ফাইলকে স্পষ্টভাবে নির্দিষ্ট করতে হয়। এখানে দ্বিতীয় প্রক্রিয়া অকার্যকর। উভয় সমস্যা সমাধান করা যেতে পারে কপি কমান্ডের মাধ্যমে, যা নির্দিষ্ট ধরনের ফাইলকে ছেড়ে দেবে। এটি সম্ভব robocopy নামের টুল ব্যবহার করে, যা ভিস্তা ও উইন্ডোজ ৭-এ দেয়া হয়েছে। এজন্য '/xf' ফিল্টার ব্যবহার করুন। ধরুন, ফটো ফোল্ডারে এডিট করা TIF ফাইল ছাড়া বিভিন্ন JPG এবং GIF ফাইল রয়েছে। আপনি TIF ফাইল কপি করতে চাচ্ছেন না। সেক্ষেত্রে Robocopy <Source> <destination> /xf *.tif কমান্ড ব্যবহার করুন। ইচ্ছে করলে আপনি কয়েক ধরনের ফাইল নির্দিষ্ট করতে পারেন।

**কামরুল ইসলাম**
পাটগুড়ী, নবাবগঞ্জ

## সিস্টেম রিস্টোর পয়েন্ট তৈরি করা

সর্বশেষ নতুন সফটওয়্যার ইনস্টল করা পর্যন্ত আপনার সিস্টেম যদি ঠিকভাবে রান করতে থাকে, তাহলে আপনি সব সিস্টেম পয়েন্ট ডিলিট করতে পারবেন, সর্বশেষটি ছাড়া।

পুরনো রিস্টোর পয়েন্ট ডিলিট করা : এজন্য 'ডেস্কটপ' বা 'এক্সপে-রার' ফোল্ডার সিস্টেম ড্রাইভের আইটেমের জন্য ডান ক্লিক করুন এবং সিলেক্ট করুন কনটেক্সট কমান্ড 'Properties', এরপর ডান দিকে পাই চার্টের নিচে 'clean' বাটনে ডান ক্লিক করুন দখল হওয়া ফ্রি স্পেসের জন্য। এর ফলে একটি প্রগ্রেস বারসহ 'Disk cleanup' ডায়ালগবক্স আবির্ভূত হয় এবং ফ্রি স্পেসসংশি-ষ্ট মেসেজ ক্যালকুলেট করে দেয়া হবে। এতে কয়েক মিনিট সময় লেগে। এরপর সিস্টেম ডায়ালগ 'Disk Cleanup' ওপেন হবে এক্ষেত্রে 'Other Options' ট্যাব সক্রিয় হবে। যদি নিচের দিকে System restore points ফিল্ডের 'Clean' বাটনে ক্লিক করেন, তাহলে আপনাকে সর্বশেষ সিকিউরিটিসংক্রান্ত বিষয়ে জিজ্ঞেস করা হবে। এক্ষেত্রে 'Yes'-এ ক্লিক করতে হবে পুরনো সব ডাটা মুছে ফেলা ও সিস্টেম রিস্টোরেশনের জন্য।

## স্পেস বাঁচানো

সিস্টেম রিস্টোর ফাংশনকে পুরোপুরি নিষ্ক্রিয় করতে পারবেন। তবে এটি না করাই ভালো। স্টোরেজ স্পেস ব্যবহারকে সীমিত করে যৌক্তিক মানে রাখা উচিত। এজন্য Control Panel-এ System and security-এ ডাবল ক্লিক করে আইটেমটি ওপেন করুন এবং System restore ট্যাব সক্রিয় করুন। ইচ্ছে করলে একই নামের অপশনকে ব্যবহার করে সব ড্রাইভের জন্য সিস্টেম রিস্টোরকে নিষ্ক্রিয় করতে পারবেন। অথবা 'Available drives' আইটেম সিলেক্ট করে Settings বাটন সিলেক্ট করুন। এরপর পরবর্তী ডায়ালগ বক্সে আপনি ইচ্ছে করলে on বা নিষ্ক্রিয় করতে পারবেন সিস্টেম রিস্টোরকে অথবা হার্ডডিস্কের ব্যবহারকে সীমিত করতে পারবেন 'Amount of memory to be used' স-াইডার ব্যবহার করে।

**বদরউদ্দিন মুন্সি**
কেরানীগঞ্জ, ঢাকা

## মাই কমপিউটার থেকে শেয়ার ডকুমেন্ট বাদ দেয়া

উইন্ডোজ এক্সপি বা ভিসতায় মাই কমপিউটার খুললে শেয়ার ডকুমেন্ট দেখা যায়। উইন্ডোজের সাথে ডিফল্ট থাকা এই শেয়ার ডকুমেন্ট বাদ দেয়া যায়। এজন্য রেজিস্ট্রি এডিটর থেকে HKEY_LOCAL_MACHINE SOFTWARE\Microsoft\Windows\CurrentVersion\Explorer\My Computer Name Space Delegate Folders-এ নেভিগেট করুন এবং নিচে সাব কী {59031a47-3f72-44a7-89c5-5595fe6b30ee} মুছে দিন। এবার মাই কমপিউটার খুললে শেয়ার ডকুমেন্ট দেখা যাবে না।

## কোন ওয়েবসাইট কতবার দেখা হচ্ছে

বর্তমানে বিশ্বে কোন ওয়েবসাইট কতবার দেখা হচ্ছে, কোন অঞ্চল বা দেশ থেকে কতবার দেখা যাচ্ছে এমন তথ্য পাওয়া যাবে 'অ্যালেক্সা' নামের ওয়েবসাইট থেকে। সারা বিশ্ব থেকে কোন ওয়েবসাইটগুলোতে মানুষ ভিজিট করছে তার তালিকা প্রকাশ করা হয় এতে। এছাড়া প্রতিটি দেশের শীর্ষ সাইটগুলোর নাম প্রকাশ করা হয় এ ওয়েবসাইটে। সাইটের ঠিকানা : www.alexa.com

**মোছা: ছালমা খাতুন**
শার্শা, যশোর

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপস-এর লেখককে যথাক্রমে ১,০০০ টাকা, ৮৫০ টাকা ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপস-এর লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপস-এর জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে* **কামরুল ইসলাম, বদরউদ্দিন মুন্সি ও মোছা: ছালমা খাতুন**